

ইবি ছাত্র ইউনিয়নের বিবৃতি

# মার্কশিট না দিয়ে সফটওয়্যার সমস্যার অজুহাত দিচ্ছে প্রশাসন

ইবি সংবাদদাতা

প্রকাশিত: ২২:৫২, ৭ জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত

×

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের মার্কশিট তথা নম্বরপত্র পেতে দীর্ঘসূত্রিতা এবং এর ফলে তাদের ভোগান্তি নিয়ে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, ইসলামী বিশ্ববিদ্যালয় সংসদ গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানিয়েছে।

সোমবার (৭ জুলাই) রাতে এক যৌথ বিবৃতিতে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, ইসলামী বিশ্ববিদ্যালয় সংসদের সভাপতি মাহমুদুল হাসান ও সাধারণ সম্পাদক নূর আলম এক যৌথ বিবৃতিতে এই নিন্দা জানান।

বিবৃতিতে বলা হয়, এক বছর আগে স্নাতক সর্পন্ন করা সত্ত্বেও শিক্ষার্থীরা এখনও তাদের নম্বরপত্র হাতে না পাওয়ায় চাকরির আবেদন থেকে শুরু করে উচ্চশিক্ষা গ্রহণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে চরম অনিশ্চয়তা ও হতাশার সম্মুখীন হচ্ছেন, যা কোনোভাবেই কাম্য নয়।

যৌথ বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, শিক্ষার্থীরা জানাচ্ছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ‘সফটওয়্যার জনিত সমস্যার’ অজুহাত

দেখাচ্ছে। কিন্তু এই অজুহাত এক বছর ধরে চলতে পারে না। যেখানে সনদ ও ট্রান্সক্রিপ্ট অনলাইন প্রিন্ট সেবার মাধ্যমে প্রদান করা হচ্ছে, সেখানে মার্কশিট প্রদানে কেন এই দীর্ঘসূত্রিতা তা বোধগম্য নয়। এটি স্পষ্টতই প্রশাসনের দায়িত্বহীনতা ও শিক্ষার্থীদের প্রতি অবহেলার শামিল। শিক্ষাজীবনের একটি গুরুত্বপূর্ণ পর্যায় শেষ করার পর এমন ভোগান্তি চরম লজ্জাজনক, যা কোন ভাবেই প্রত্যাশিত নয়।

নেতৃবৃন্দ আরও বলেন, শিক্ষার্থীদের ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলার অধিকার কারো নেই। ‘সফটওয়্যার সমস্যার’ দোহাই না দিয়ে দ্রুততম সময়ে একটি কার্যকর সমাধান খুঁজে বের করতে হবে। আমরা আশা করি, বিশ্ববিদ্যালয় প্রশাসন এই যৌক্তিক দাবিকে গুরুত্ব সহকারে বিবেচনা করবে এবং দ্রুত পদক্ষেপ নেবে। পাশাপাশি একাডেমিক বিভিন্ন কাগজপত্র উত্তোলনে শিক্ষার্থীদের যেন হয়রানির শিকার না হতে হয় সেই বিষয়েও

প্রশাসন কর্তৃক পদক্ষেপ নেবে। অন্যথায়, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, ইসলামী বিশ্ববিদ্যালয় সংসদ সাধারণ শিক্ষার্থীদের পাশে থেকে তাদের অধিকার আদায়ে যেকোনো শান্তিপূর্ণ কর্মসূচি গ্রহণ করতে বাধ্য হবে।